৯৯

দৈনিক ইনকিলাব

তারিখ ..FEB 1.. 1999...
পৃষ্ঠা ৭২ কলাম ২




*ইনকিলাব ঃ কবি শামসুর রাহমানের বাসায় কথিত হামলা সাজিয়ে মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্তের প্রতিবাদ এবং নিরীহ মাদ্রাসা ছাত্র শিক্ষক ও ইমামদের অবিলম্বে মুক্তির দাবীতে গতকাল ইসলামী শাসনতন্ত্র আন্দোলন ঢাকা মহানগরী বিক্ষোভ মিছিল বের করে*

### নেতৃবৃন্দের হুঁশিয়ারি

# মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে কোন চক্রান্ত বরদাশত করা হবে না

স্টাফ রিপোর্টার ঃ কবি শামসুর রাহমানের উপর হামলার অভিযোগ তুলে মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্তের প্রতিবাদ ও নিরীহ মাদ্রাসা ছাত্র-শিক্ষক ও ইমামদের মুক্তি-দাবীতে বিভিন্ন সংগঠনের সভা, সমাবেশ, বিক্ষোভ মিছিল ও বিবৃতি প্রদান অব্যাহত রয়েছে।

বিভিন্ন নেতৃবৃন্দ বলেন, কবি শামসুর রাহমানের বাসায় কথিত হামলার অভিযোগ তুলে আওয়ামী লীগ সরকার কোরআন-হাদীসের শিক্ষা কেন্দ্রগুলো চিরতরে বন্ধ করে দিতে চাচ্ছে। মাদ্রাসা বন্ধের নীলনকশা অনুসারে মাদ্রাসার পরিচালক, নিরীহ ছাত্র-শিক্ষক ও মসজিদের ইমামদের গ্রেফতার ও রিমাণ্ডে নিয়ে নির্যাতন চালানো হচ্ছে। নেতৃবৃন্দ হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে কোন চক্রান্ত বরদাশত করা হবে না।

ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের আমীর ও চরমোনাই পীর মাওলানা সৈয়দ মোঃ ফজলুল করীম বলেছেন, বর্তমান জালিম সরকার সুপরিকল্পিতভাবে দেশের মাদ্রাসা শিক্ষা বন্ধের জন্য উঠেপড়ে লেগেছে। একজন মুসলমান জিন্দা থাকতে মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্ত বাস্তবায়ন করতে দেয়া হবে না। পীর সাহেব বলেন, কবি শামসুর রাহমানের হত্যার কল্পিত নাটক সাজিয়ে মাদ্রাসা বন্ধের চক্রান্ত বিনা চ্যালেঞ্জে ছেড়ে দেয়া হবে না। তিনি বলেন, এই জমিন আল্লাহর, এই জমিনে থাকবে আল্লাহর বান্দারা। নাস্তিক মুরতাদ ও ইসলামের শত্রুদের এই জমিনে থাকতে দেয়া হবে না।

মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্তের প্রতিবাদ ও গ্রেফতারকৃত নিরীহ মাদ্রাসা ছাত্র-শিক্ষক ও মসজিদের ইমামদের অবিলম্বে মুক্তির দাবীতে গতকাল (রবিবার) বিকেলে পুরানা পল্টনে ইসলামী শাসনতন্ত্র আন্দোলন ঢাকা মহানগরী আয়োজিত সমাবেশে মাওলানা সৈয়দ মোঃ ফজলুল করীম প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছিলেন। অধ্যাপক হাফেজ মাওলানা এটিএম হেমাত উদ্দিনের সভাপতিত্বে এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মাওলানা আব্দুল লতিফ চৌধুরী, মাওলানা সাইফুদ্দিন ইয়াহহিয়া, মুফতী সৈয়দ মোঃ ফয়জুল করীম, অধ্যাপক মাহবুবুর রহমান ও আবু সাঈদ সিদ্দিকী।

পীর মাওলানা সৈয়দ মোঃ ফজলুল করীম বলেন, আওয়ামী লীগ ইসলামের প্রকাশ্য শত্রু আর বিএনপি ইসলামের গোপন শত্রু। ইসলামের কোন শত্রুর সাথেই আপস করা চলে না। তিনি বলেন, কবি শামসুর রাহমানের উপর সত্যিকারের হামলা হলে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে বিচার করা হোক। আমরা কোন সন্ত্রাসের পক্ষে ছিলাম না এবং নেইও। তিনি অবিলম্বে গ্রেফতারকৃত নিরীহ মাদ্রাসা ছাত্র-শিক্ষক ও ইমামদের মুক্তির দাবী জানিয়ে আগামী ৫ ফেব্রুয়ারী ঢাকায় অনুষ্ঠিতব্য বিক্ষোভ-সমাবেশ সফল করার আহবান জানান। পরে পীর সাহেবের নেতৃত্বে নগরীতে বিক্ষোভ মিছিল বের হয়।

মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে গতকাল জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ-এর উদ্যোগে জামেয়া সোবহানিয়া মাহমুদ নগরে এক সভা মাওলানা নূর হোসাইন কাসেমীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মুফতি মুহাম্মদ ওয়াক্কাদ, মাওলানা মোস্তফা আজাদ। নেতৃবৃন্দ বলেন, এক শ্রেণীর ইসলাম বিরোধী শক্তি ঐতিহ্যবাহী কওমী মাদ্রাসার বিরুদ্ধে ঘৃণ্য ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে।

বাংলাদেশ খিলাফত যুব আন্দোলনের সভাপতি মাওলানা মুহাম্মদ মুজিবুর রহমান হামিদী বলেছেন, বর্তমান সরকার দেশে ব্রাহ্মণ্যবাদী সংস্কৃতি ও ধর্মহীন শিক্ষা বাস্তবায়নের ক্ষেত্র প্রস্তুত করার জন্য জনগণ থেকে ইসলামী শিক্ষা মূল্যবোধকে উৎখাত করার লক্ষ্যে ইসলামী শিক্ষা তথা কওমী মাদ্রাসাসমূহকে ধ্বংস করার গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। গতকাল বাংলাদেশ খেলাফত যুব আন্দোলন ব্রাহ্মণবাড়িয়া জেলা আয়োজিত কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি একথা বলেন। মাওলানা আলি-আমীন খান এতে সভাপতিত্ব করেন।